গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৯.১৯- ২৯১ তারিখ : ০৫ শ্রাবণ ১৪২৭ ব: / ২০ জুলাই ২০২০ খ্রি:

বিষয় : ''১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ২য় সভার কার্যবিবরণী প্রেরণ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ২য় সভা গত ০৮/০৭/২০২০ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে Zoom ভিডিও কনফারেন্স এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

20/07/2020

(শিরিন আখতার)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৮। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৯। যুগ্মসচিব (অগ্নি), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১০। যুগ্ম প্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পিওবিপ্র), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। পরিচালক (উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৪। উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৫। প্রকল্প পরিচালক, ''১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প বিভাগ-৪, সেগুনবাগিচা, ঢাকা।
১৭। উপ-পরিচালক (উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অফিস কপি/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ০৮ জুলাই' ২০২০ |
| সময় | : | সকাল ১১.৩০ ঘটিকা |
| স্থান | : | Zoom ভিডিও কনফারেন্স এর মাধ্যমে ভার্চুয়াল সভা। |
| সভায় উপস্থিতি | : | সভায় পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ এবং সাধারণ অর্থনীতি বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), অর্থ বিভাগ ও গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি, মহাপরিচালক এবং পরিচালক (উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, অতিরিক্ত সচিব (উন্নয়ন), যুগ্মসচি (অগ্নি), উপপ্রধান এবং সিনিয়র সহকারী প্রধান সুরক্ষা সেবা বিভাগ ও প্রকল্প পরিচালক সভায় অংশগ্রহণ করেন। |

সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি বর্তমান করোনা সংক্রমণ পরিস্থিতিতে স্বাস্থ্য সেবা বিভাগের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে উন্নয়ন প্রকল্পের কাজ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের 'সময়াবদ্ধ কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা' প্রণয়ন করে তদনুযায়ী প্রকল্পের কার্যক্রম সম্পাদন করাসহ প্রকল্পের জমি অধিগ্রহণ ত্বরান্বিত করা এবং প্রয়োজনে সরাসরি যোগাযোগের মাধ্যমে কার্যক্রম এগিয়ে নেয়ার উপর গুরুত্ব আরোপ করেন। অত:পর তিনি উপপ্রধান -কে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে উপপ্রধান জানান যে, আলোচ্য প্রকল্পটি গত ০৭/১১/২০১৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ৬২৯৭৩.৫৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৯ থেকে জুন ২০২১ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হয় এবং ১০/০৩/২০১৯ তারিখে প্রশাসনিক অনুমোদন আদেশ জারি করা হয়। তিনি আরো জানান, আলোচ্য প্রকল্পের আওতায় ১১টি মডার্ণ ফায়ার স্টেশন (মডার্ণ ১০টি এবং মডার্ণ স্থল কাম নদী ১টি) স্থাপনের সংস্থান আছে। উপপ্রধান জানান যে, ২০১৯-২০ অর্থবছরে এ প্রকল্পের অনুকূলে ১৬০০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে অর্থবিভাগ হতে ৭৫০০.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৬২৪৯.৮৪ লক্ষ টাকা (মুলধন ৬২১৪.২৬ লক্ষ টাকা, রাজস্ব ৩৫.৫৮ লক্ষ টাকা) যা মোট বরাদ্দের ৪০% এবং ছাড়কৃত অর্থের ৮৪%। এছাড়া, তিনি আরো জানান যে, জুন ২০২০ পর্যন্ত এ প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৬৩১৯.৮৪ লক্ষ টাকা (১০.০৪%) এবং চলতি ২০২০-২১ অর্থবছরে এ প্রকল্পের অনুকূলে ১৫০০০.০০ লক্ষ বরাদ্দ আছে।

০৩। প্রকল্পের পুর্ত কাজ এবং জমি অধিগ্রহণ সংক্রান্ত অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, আলোচ্য প্রকল্পের আওতায় ১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপন করা হবে। উক্ত ১১টির মধ্যে ৩টির- {১.জিরাবো সাভার (সাভার সেনানিবাস এলাকা সংলগ্ন)-ঢাকা, ২.রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র (গ্রীন সিটি)পাবনা ও ৩. গাজীপুর চৌরাস্তা-গাজীপুর} পূর্ত কাজ চলমান, ০৩ টি স্টেশনের (১. সারাবো -কাশিমপুর-গাজীপুর, ২. কাচঁপুর ব্রিজ-নরায়ণগঞ্জ ও ৩. কর্ণফুলী-চট্টগ্রাম)পূর্ত কাজের দরপত্র প্রক্রিয়াধীন, ০১টির (শিবু মার্কেট নারায়ণগঞ্জ) জমি হস্তান্তর শেষ পর্যায়ে এবং অবশিষ্ট ০৪ স্টেশনের জমি অধিগ্রহন ( ১. রাজেন্দ্রপুর চৌরাস্তা-গাজীপুরের প্রস্তাবিত স্টেশনের জন্য প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত ভূমি অধিগ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন, ২. কোনাবাড়ী-গাজীপুর এর বিকল্প জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন ০৭ জুলাই

২০২০ তারিখে সুরক্ষা সেবা বিভাগ হতে পাওয়া গেছে, ৩. খুলশী-চট্টগ্রাম স্টেশন এর জন্য রেলওয়ের জমি প্রাপ্তির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম অব্যহত আছে ও ৪. মাতারবাড়ী (মহেশখালী) কক্সবাজার কয়লা বিদ্যুৎ কেন্দ্রের মডার্ণ ফায়ার স্টেশন নির্মাণের বিষয়ে বিদ্যুৎ বিভাগ থেকে ২৩/০৩/২০২০ তারিখে অবহিত করা হয়েছে যে, ''মাতারবাড়ী ১২০০ মে:ও : আল্ট্রা সুপার ক্রিটিক্যাল কোল ফায়ার্ড পাওয়ার প্রজেক্টে ০১টি মডার্ণ ফায়ার স্টেশন অর্ন্তভুক্ত আছে যা প্রকল্পের আওতায় স্থাপন করা হবে। এ পরিপ্রেক্ষিতে বিদ্যুৎ কেন্দ্রের নির্ধারিত এলাকায় আরো ০১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপনের প্রয়োজনীয়তা নাই।'' এছাড়া, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় রুপপুর পাবনায় পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের সন্নিকটে আরো ০১ টি মডার্ণ ফায়ার স্টেশনের জন্য তাগিদ দিয়েছে। সে অনুযায়ী কার্যক্রম চলমান আছে। অগ্নি নির্বাপনী সরঞ্জাম সংগ্রহের বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ২৭৮৮.১৬ লক্ষ টাকার ০৬ প্রকার অগ্নি নির্বাপনী সরঞ্জামাদি সংগ্রহ কার্য সম্পন্ন করা হয়েছে এবং ডিপিপিতে সংস্থানকৃত অগ্নি নির্বাপনী সাজ সরঞ্জামাদি আরো ০২টি প্যাকেজের ৭৭৩২.৪১ লক্ষ টাকার আন্তর্জাতিক দরপত্রে সংগ্রহের নিমিত্ত দরপত্র মূল্যায়ন শেষে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদনের অপেক্ষায় আছে।

০৪। মহাপরিচালক সভাকে জানান যে, অনুমোদিত ডিপিপি'র জিডি-২০ টার্ন টেবল লেডার ডিপিপিতে ৫৪মিটারের পরিবর্তে বর্তমান সময়ে যুগপোযোগি ৬৮মিটার উচ্চতা বিশিষ্ট টার্ন টেবল লেডার ক্রয় করার বিষয়ে পরিকল্পনা কমিশনের পূর্বানুমতি নেয়া হয়েছে। এছাড়া, তিনি আরো উল্লেখ করেন ডিপিপি অনুমোদনকালে ভূমির প্রাক্কলিত মূল্য ঐ সময়ের বাজার মূল্যের ভিত্তিতে নির্ধারিত হয়েছে। পরবর্তীতে সরকার জমির মৌজামূল্য নির্ধারণ ও ভূমির ক্ষতিপূরণ মৌজা মূল্যের ০৩ গুণ নির্ধারণ করায় জমি অধিগ্রহণ ব্যয় বৃদ্ধি পেয়েছে। এছাড়াও ডিপিপিতে ০৫ টি রেসকিউ ফায়ার এন্ড কমান্ড ভিহিক্যালের সংস্থান আছে। প্রস্তাবিত মডার্ণ ফায়ার স্টেশনের সংখ্যা ১১টি হওয়ায় আরো ০৬টি রেসকিউ ফায়ার এন্ড কমান্ড ভিহিক্যাল সংযোজন করা প্রয়োজন। অধিকন্তু, প্রতিটি মডার্ণ ফায়ার স্টেশনে ০১টি করে হেভি ডিউটি লাইটিং ইউনিট সংযোজনের চাহিদা রয়েছে। মাতারবাড়ী (মহেশখালী) মডার্ণ ল্যান্ড কাম রিভার ফায়ার স্টেশন নির্মাণ সম্ভব না হলে ফায়ার ফ্লোট এবং পল্টুন ও জেটি সংগ্রহ ডিপিপি থেকে বিয়োজন করতে হবে। এছাড়া, ডিপিপি হতে বাস্তব প্রেক্ষাপট বিবেচনায় Double Hide Space টি সঠিক কর্ম উপযোগী করা এবং প্রাতিষ্ঠানিক সুবিধা বৃদ্ধির স্বার্থে মেজনাইন ফ্লোর নির্মাণ করা প্রয়োজন। মেজনাইন ফ্লোর নির্মাণের বিষয়ে স্থপত্য অধিদপ্তরের মতামত নেয়া সহ অন্যান্য বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

০৫। ভূমি অধিগ্রহণে জমির মূল্য ডিপিপিতে সন্নিবেশিত দর অপেক্ষা বর্তমান অধিগ্রহণ মূল্য বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে পরিকল্পনা কমিশনের মতামত জানতে চাওয়া হলে যুগ্মপ্রধান জানান যে, যেহেতু প্রকল্পটি সংশোধন করা প্রয়োজন হবে সেক্ষেত্রে এ যাবৎ পরিকল্পনা কমিশন হতে যে সকল বিষয়ে পূর্বানুমতি নেয়া হয়েছে এবং জমিসহ যেসকল বিষয় অন্তর্ভুক্ত করার বিষয়ে অদ্যকার সভায় আলোচনা হয়েছে সেগুলো অন্তর্ভুক্ত করে ডিপিপি'র ১ম সংশোধন করা যেতে পারে। তবে এক্ষেত্রে বর্তমান পরিস্থিতি মাথায় রেখে ডিপিপি'র মূল্য নির্ধারণে পুঙ্খানুপুঙ্খানুভাবে বিশ্লেষণ করা প্রয়োজন এবং সে অনুযায়ী মূল্য নির্ধারণ করার পরামর্শ প্রদান করেন।

০৬। প্রকল্প পরিচালক উল্লেখ করেন যে, অনুমোদিত ডিপিপিতে সিডি ভ্যাট খাতে ৭৮১৩.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। প্রকল্পের বেশ কিছু সংখ্যক সরঞ্জাম স্থানীয় দরপত্রের মাধ্যমে সংগৃহীত হয়েছে। এ কারণে সিডি ভ্যাট খাতের ৭৮১৩.০০ লক্ষ টাকা অগ্নি সরঞ্জামাদি সংগ্রহ খাতে সমন্বয় করা প্রয়োজন। এ বিষয়ে আইএমইডি'র প্রতিনিধি জানতে চান যে, সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন সংক্রান্ত পরিপত্র অনুযায়ী সিডি ভ্যাট খাতের অর্থ অন্য খাতে সমন্বয়ের সুযোগ আছে কিনা। পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের প্রতিনিধি জানান যে, প্রকল্প সংশোধনের ক্ষেত্রে সমন্বয় করার সুযোগ আছে। এছাড়া, অর্থ বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে বর্তমানে সিডি ভ্যাট খাতের অর্থ যে যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয় করা হবে, সে অঙ্গের সাথে সমন্বয় করতে হবে। অর্থ বিভাগের মতামত অনুযায়ী সিডি ভ্যাটের অর্থ স্ব স্ব অঙ্গের সাথে সমন্বয় করে সংশোধিত ডিপিপিতে প্রতিফলন করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

০৭। প্রকল্প পরিচালক বলেন যে, পরিকল্পিত ১১টি মডার্ণ ফায়ার স্টেশনের মধ্যে বর্তমানে ০৩টি স্টেশনের পূর্ত কাজ চলামান। আরো ৩টি স্টেশনের পূর্ত কাজের দরপত্র মূল্যয়ন শেষে আগষ্ট ২০২১ তারিখের মধ্যে কার্যাদেশ প্রদান সম্ভব হবে। অবশিষ্ট ০৫টি স্টেশনের জমি অধিগ্রহণ এখনও সম্পন্ন হয়নি। এ কারণে জমি অধিগ্রহণ সম্পন্ন করে প্রকল্প মেয়াদের মধ্যে পূর্ত কাজ সম্পন্ন করা সম্ভব হবে না। প্রকল্প পরিচালক আরো উল্লেখ করেন যে, প্রকল্পটির মেয়াদ জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২১ খ্রি: পর্যন্ত নির্ধারিত। প্রকল্পটি ১০/০৩/২০১৯ তারিখে প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত হয়। এছাড়া, বৈশ্বিক করোনা মহামারীর কারণে বাস্তবায়ন বিঘ্নিত হচ্ছে। এসব কারণে প্রকল্পটির মেয়াদ আরো ০১(এক) বছর অর্থাৎ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধি করা প্রয়োজন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

০৮। উপপ্রধান জানান যে, পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগ হতে বঙ্গবন্ধু শিল্প নগরে ২টি ফায়ার স্টেশন স্থাপনের বিষয়টি চলমান কোনো প্রকল্পে অন্তর্ভুক্তির বিষয়ে অনুরোধ জানানো হয়েছে। বিষয়টি বিবেচ্য প্রকল্প সংশোধনের সময় বিবেচনা করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে দেখা যায় যে, আলোচ্য প্রকল্পে এ পর্যায়ে ফায়ার স্টেশন নতুন করে সংযোজন করা হলে প্রকল্পের মেয়াদ এবং মূল্য দুইই বৃদ্ধি পাবে। বর্তমান পরিস্থিতি বিবেচনা করে অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন ও আইএমইডি হতে যে সকল নতুন প্রকল্পের ডিপিপি প্রণয়নাধীন আছে সেসকল প্রকল্পে অন্তর্ভুক্তির পরামর্শ প্রদান করা হয়। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

০৯। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(৯.১) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের 'সময়াবদ্ধ কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা' প্রণয়ন করে তদনুযায়ী প্রকল্পের কার্যক্রম সম্পাদন করা;

(৯.২) প্রকল্পের জমি অধিগ্রহণ ত্বরান্বিত করার লক্ষ্যে মন্ত্রণালয়ের সহযোগিতা নেয়া এবং সরাসরি যোগাযোগ অব্যাহত রাখা ;

(৯.৩) প্রকল্প সংশোধনের বিষয়সমুহ:

ক) জমির মূল্য বৃদ্ধি ও জমির পরিমাণ হ্রাস/বৃদ্ধি;

খ) টার্ন টেবল লেডার এর দৈর্ঘ্য বৃদ্ধি;

গ) অবশিষ্ট ০৬টি স্টেশনের জন্য একটি করে রেসকিউ ফায়ার এন্ড কমান্ড ভিহিক্যাল সংযোজন করা;

ঘ) প্রতিটি মডার্ণ ফায়ার স্টেশনে ০১টি করে হেভি ডিউটি লাইটিং ইউনিট সংযোজন;

ঙ) মাতারবাড়ী (মহেশখালী) মডার্ণ ল্যান্ড কাম রিভার ফায়ার স্টেশন এর পরিবর্তে রুপপুর পারমাণবিক বিদুৎ কেন্দ্রে আরো একটি স্টেশন নির্মাণ;

চ) মাতারবাড়ী (মহেশখালী) মডার্ণ ল্যান্ড কাম রিভার ফায়ার স্টেশন নির্মাণ সম্ভব না হলে ফায়ার ফ্লোট এবং পল্টুন ও জেটি সংগ্রহ ডিপিপি থেকে বিয়োজন;

ছ) সিডি ভ্যাট খাতের ৭৮১৩.০০ লক্ষ টাকার অগ্নি সরঞ্জামাদি সংগ্রহ খাতে সমন্বয় করা;

জ) মেজনাইন ফ্লোর নির্মাণের বিষয়ে স্থাপত্য অধিদপ্তরের মতামত নেয়া এবং উক্ত মতামত অনুযায়ী সংশোধিত ডিপিপিতে প্রতিফলন করা;

ঝ) প্রয়োজনীয় সরঞ্জামাদি সংযোজন ও কিছু সরঞ্জাম বাদ দেওয়া;

ঞ) এ যাবৎ পরিকল্পনা কমিশন হতে যে সকল বিষয়ে পূর্বানুমতি নেয়া হয়েছে যেসকল বিষয় সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত করা;

ট) উপরোক্ত বিষয়সমুহ (ক-ঞ) অন্তর্ভুক্ত করে প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধি করে ডিপিপি সংশোধন করা এবং সংশোধিত ডিপিপি ৩১ জুলাই এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা;

(৯.৪) প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রাখার জন্য প্রকল্প পরিচালক এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক নিবিড় তদারকি করা;

(৯.৫) প্রকল্পের যন্ত্রপাতি ও যানবাহনের ইনভেনটরী রেজিস্ট্রার এবং স্টক রেজিস্ট্রার সংরক্ষণ করা;

(৯.৬) প্রকল্প সাইটে সাইট বুক সংরক্ষণ করা;

(৯.৭) চলতি অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করা;

(৯.৮) প্রকল্পের কাজের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এবং স্টিয়ারিং কমিটির সভা নিয়মিত আয়োজন করা;

(৯.৯) পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগ হতে বঙ্গবন্ধু শিল্প নগরে ২টি ফায়ার স্টেশন স্থাপনের বিষয়টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত নতুন যেসকল প্রকল্পের ডিপিপি প্রণয়নাধীন আছে তাতে অন্তর্ভুক্ত করা।

১০। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/৭/২০

(মোঃ শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।